# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত

## কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত সংশ্লিষ্ট কমিটির ২য় সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ জনাব মোঃ আবদুল আজিজ মোল্লা, অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব), খাদ্য অধিদপ্তর।

সভার স্থানঃ খাদ্য ভবনের দ্বিতীয় তলার সভাকক্ষ (কক্ষ নং ১০৪)

তারিখঃ ২৯/০৭/২০১৯ খ্রিঃ

সময়ঃ সকাল ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা (পরিশিষ্ট-ক)

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানান। অতঃপর কমিটির সদস্য সচিবকে সভার আলোচ্যসূচি সভায় পেশ করার আহ্বান জানান। সদস্য সচিব বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে খাদ্য মন্ত্রণালয়ের সংশোধিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে খাদ্য অধিদপ্তরের করণীয় হিসেবে নিম্নোক্ত ৩টি কর্মসূচি চিহ্নিত করা হয়েছে।

১। খাদ্য অধিদপ্তরের কর্মকান্ডের ডকুমেন্টারি ও তথ্য ভিত্তিক শ্লোগান দৃশ্যমান জনবহুল স্থানে ডিজিটাল বিলবোর্ডের মাধ্যমে প্রদর্শন;

২। খাদ্যবান্ধব কর্মসূচীতে পুষ্টি চাল বিতরণ; ও

৩। কৃষকের ধানের ন্যায্যমূল্য নিশ্চিত করা।

কর্মসূচি-১ এর আলোকে খাদ্য অধিদপ্তরের কর্মকান্ডের ডকুমেন্টারি ও তথ্যভিত্তিক শ্লোগান বিলবোর্ড আকারে দৃশ্যমান স্থানে স্থাপন বিষয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তরের ২৬/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৫০৩/৯ নং স্মারকে ৯(নয়) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। কমিটির কার্যপরিধি নিম্নরূপ নির্ধারণ করা হয়ঃ-

১। খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের সম্মুখে বিলবোর্ড স্থাপনের স্থান নির্ণয়, বিলবোর্ডের সাইজ নির্ধারণ এবং ডকুমেন্টারি তথ্য;

২। স্থাপনা এবং বিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ; ও

৩।অন্যান্য।

কমিটির কার্যপরিধি অনুযায়ী গত ০৭/০৭/২০১৯ খ্রিঃ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ও পর্যালোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের সম্মুখে বিলবোর্ড স্থাপনের স্থান নির্ণয়, বিলবোর্ডের সাইজ নির্ধারণ এবং ডকুমেন্টারি তথ্য;<br><br>বাস্তবায়ন কালঃ ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ | বিলবোর্ড স্থাপনের অগ্রগতি বিষয়ে আলোচনায় পরিচালক, প্রশাসন বিভাগ সভায় জানান যে, খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে ১৮ ফুট X ১২ ফুট আকারের ডিজিটাল বিলবোর্ড স্থাপন করার পূর্ববর্তী সিদ্ধান্তের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলাপ হয়েছে। খাদ্য ভবনের সামনে দিয়ে যাতায়তকারী পথচারীদের নিকট কম দূরত্বে ১৮ ফুট X ১২ ফুট আকারের ডিজিটাল বিলবোর্ডের প্রদর্শিতব্য ডকুমেন্টারি ও তথ্যাদি সঠিকভাবে দেখা যাবে না মর্মে মহাপরিচালক মহোদয় সদয় মতামত ব্যক্ত করেন। এছাড়া একজন প্রস্তুতকারক ও সরবরাহকারী প্রতিষ্ঠানের মতামতেও এ বিষয়টি স্পষ্ট হয়। এসকল বিবেচনায় খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে পূর্বের নির্ধারিত ১৮ ফুট X ১২ ফুট আকারের ডিজিটাল বিলবোর্ডের সাইজ কমানোর জন্য উপস্থিত সকল সদস্য একমত পোষণ করেন। | খাদ্য ভবনের প্রধান ফটকের পশ্চিম পাশে স্থাপিতব্য ডিজিটাল বিলবোর্ডের সাইজ ৮ ফুট X ৫ ফুট করা যেতে পারে। | পরিচালক, প্রশাসন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শিতব্য ডকুমেন্টারি, শ্লোগান ও বাণী বিষয়ক আলোচনায় প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং জানান যে, সদ্য সমাপ্ত উন্নয়ন মেলায় শ্লোগান এর সাথে বঙ্গবন্ধু সম্পর্কে কিছু বিশিষ্ট জনের বাণীও ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শন করা যেতে পারে। এধরণের কিছু বাণী প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং এর সংগ্রহে রয়েছে মর্মে জানান।<br>অন্যান্য তথ্যাদি সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট মাঠ পর্যায় থেকে প্রাপ্ত শ্লোগান সভাপতি বরাবর উপস্থাপন করলে সভাপতি শ্লোগানগুলো পড়ে শুনান এবং সর্বসম্মতিক্রমে কিছু শ্লোগান গৃহীত হয়। প্রাথমিকভাবে নির্বাচিত শ্লোগান ও বাণীসহ মহাপরিচালক মহোদয়ের সাথে সভাপতি মহোদয়ের আলোচনা হয়।মন্ত্রণালয়ের অনুমোদনের পর ডিজিটাল বিলবোর্ডে উক্ত শ্লোগান ও বাণী প্রদর্শন করা হবে মর্মে সভাপতি মহোদয় সভাকে অবহিত করেন।<br>ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শনের জন্য ডকুমেন্টারির বিষয়ে আলোচনাকালে সিস্টেম এনালিষ্ট জানান যে, বর্তমানে যে ডকুমেন্টারি রয়েছে তা কম রেজুলেশনের তাই এই ডকুমেন্টারি এডিট করে নতুন তথ্য সংযোজন করা সম্ভব হবে না। | মন্ত্রণালয়ের অনুমোদনের পর নির্বাচিত শ্লোগান ও বাণী ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শন করা হবে।<br>ডিজিটাল বিলবোর্ডে প্রদর্শনের জন্য মাননীয় মন্ত্রী মহোদয়ের স্থিরচিত্র ও ভিডিও মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিবের সাথে আলোচনা করে সংগ্রহ করতে হবে। | সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট |
| | | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের আঙিনায় দর্শনীয় স্থানে বিলবোর্ড স্থাপনের বিষয়ে সাইজ ও স্থান নির্ধারণের জন্য স্থানীয় পর্যায়ে প্রতিটি বিভাগের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের সভাপতিত্বে একটি করে কমিটি গঠনের বিষয়ে আলোচনায় পরিচালক, প্রশাসন বিভাগ জানান যে, এ বিষয়ে নির্দেশনা প্রদান করে স্থানীয় পর্যায়ে পত্র দেয়া হয়েছে। | আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, সাইলোসমূহ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরসমূহের আঙিনায় দর্শনীয় স্থানে বিলবোর্ড স্থাপনের বিষয়ে সাইজ ও স্থান নির্ধারণের জন্য স্থানীয় পর্যায়ে প্রতিটি বিভাগের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের সভাপতিত্বে একটি করে কমিটি গঠনের বিষয়টি বাস্তবায়ন এর জন্য সকল আখানি, সাইলো অধিক্ষক ও জেলা খাদ্য নিয়ন্ত্রকদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, প্রশাসন বিভাগ ও সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো অধিক্ষক/ জেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০২ | স্থাপনা এবং বিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ; | স্থাপনা এবং বিলবোর্ডের সাইজ অনুযায়ী সম্ভাব্য ব্যয় নিরূপণ বিষয়ে আলোচনাকালে পরিচালক, প্রশাসন বিভাগ জানান যে, যেহেতু ডিজিটাল বিলবোর্ডের আকার পরিবর্তন হয়ে গেছে তাই অতি দ্রুত পরিবর্তিত আকারের ডিজিটাল বিলবোর্ড স্থাপনের জন্য প্রস্তুতকারক/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন আহবান করা হবে। | একাধিক ডিজিটাল বিলবোর্ড প্রস্তুতকারক/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে দ্রুত কোটেশন আহবান করতে হবে। | পরিচালক, প্রশাসন বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | অন্যান্য | খাদ্য ভবনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের বিষয়ে আলোচনায় সহকারী পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ জানান যে, খাদ্য ভবনের নিচ তলায় পশ্চিম পাশের দেয়াল ও তারসাথে প্রয়োজনীয় জায়গা নিয়ে বঙ্গবন্ধুর একটি ম্যুরাল ও বিভিন্ন বাণী নিয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের বিষয়ে কিছু ডিজাইন সংগ্রহ করা হয়, যা পরবর্তীতে সভায় উপস্থাপন করা হয়। উক্ত ডিজাইন/ ছবিসহ মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনায় তিনটি ছবি প্রথমিকভাবে নির্বাচন করা হয়। অতঃপর ঐ তিনটি ছবিসহ আরো নতুন ডিজাইন প্রপ্তির লক্ষ্যে একাধিক ইন্টেরিয়র ডিজাইনারের সাথে যোগাযোগ করে ম্যুরালের ডিজাইনসহ ও প্রয়োজনীয় খরচ অবহিত হওয়ার লক্ষ্যে কোটেশন আহবানের বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | এক বা একাধিক ইন্টেরিয়র ডিজাইনারের সাথে যোগাযোগ করে ম্যুরালের ডিজাইনসহ ও প্রয়োজনীয় খরচ অবহিত হওয়ার লক্ষ্যে কোটেশন আহবান করতে হবে। | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |
| | | খাদ্যবান্ধব কর্মসূচীতে ১০০টি উপজেলায় পুষ্টি চাল বিতরণের বিষয়ে কার্যক্রম বিস্তৃত করার জন্য কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনায় পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ জানান যে, ১০০টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচিতে পুষ্টিচাল বিতরণের কার্যক্রম বিস্তৃত করার জন্য কর্মপরিকল্পনা প্রনয়নের কাজ চলমান রয়েছে। মন্ত্রণালয় হতে ১০০ টি উপজেলার নাম পাওয়া গেছে। সে হিসেবে Fortified rice kernel ক্রয় পরিকল্পনা প্রনয়নের কাজ চলমান আছে। অতি শীঘ্রই দরপত্র আহ্বানের কার্যক্রম শুরু করা হবে। | দ্রুত ১০০টি উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচীতে পুষ্টিচাল বিতরণের কার্যক্রম সম্প্রসারিত করার জন্য শীঘ্রই Fortified rice kernel ক্রয়ের দরপত্রের কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ |
| | | কৃষকের ধানের ন্যায্যমূল্য প্রদান নিশ্চিত করার বিষয়ে আলোচনায় সহকারি পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ এর দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, সারা দেশে ধান শুকানোর সুবিধাসহ ২০০টি স্থানে প্রতিটি ৫০০০ মেঃ টন ধারণক্ষমতার ধানের সাইলো নির্মাণের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প প্রস্তাব(ডিপিপি) প্রণয়নপূর্বক খাদ্য অধিদপ্তরের ১৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখের ৮৬৫ নং স্মারকে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে প্রেরিত ডিপিপি মন্ত্রণালয়ে মূল্যায়ণ পর্যায়ে আছে। আগামী ০৬/০৮/২০১৯ খ্রিঃ তারিখে মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিতে ডিপিপি'র পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে। | মন্ত্রণালয়ের সাথে যোগাযোগপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহন করতে হবে। | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের অধীনে নির্মিতব্য দেশের বৃহত্তম আশুগঞ্জ রাইস সাইলো বঙ্গবন্ধুর নামে নামকরণ এর বিষয়ে আলোচনাকালে সহকারি পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ জানান যে, এ বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে গত ২৪/০৭/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভায় আশুগঞ্জ রাইস সাইলো নিম্নরুপভাবে নামকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**"বঙ্গবন্ধু সাইলো, আশুগঞ্জ"**<br>(দেশের সর্ববৃহৎ রাইস সাইলো)<br>উক্ত নামকরণের পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ ২৮/০৭/২০১৯ খ্রিঃ তারিখের ১০৮০ নং স্মারকে প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্প বরাবর একটি পত্র প্রেরণ করা হয়। | আধুনিক খাদ্য সংরক্ষণাগার প্রকল্পের অধীনে নির্মিতব্য দেশের বৃহত্তম আশুগঞ্জ রাইস সাইলো বঙ্গবন্ধুর নামে নামকরণের অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত
(মোঃ আবদুল আজিজ মোল্লা)
অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব)
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও সভার সভাপতি।
ফোনঃ ০২৯৫৬১৮৭১
Email: adg@dgfood.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.১১১.০৫.০২৮.১৯. ১০৯৮ তারিখঃ ৩০/০৭/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর;
২। অতিরিক্ত মহাপরিচালক(চলতি দায়িত্ব),খাদ্য অধিদপ্তর, ঢাকা;
৩।পরিচালক(সকল), ..............................., খাদ্য অধিদপ্তর;
৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ;
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল),.....................................;
৬। সাইলো অধিক্ষক(সকল)...................................................;
৭। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল),............................................;
৯। অফিস কপি।

৩০/৭/১৯
(জসিম উদ্দিন)
সহকারি পরিচালক(উন্নয়ন)
পরিদর্শন, উন্নয়ন ও কারিগরী সেবা বিভাগ
ফোনঃ ৯৫৫৬০৭১
ই-মেইলঃ ad.idts@dgfood.gov.bd